‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সমস্ত কাজে (যেমন) ওযূ করা, মাথা আঁচড়ানো ও জুতা পরা (প্রভৃতি ভাল) কাজে ডান দিক থেকে শুরু করা পছন্দ করতেন।

আয়েশা (রাযিয়াল্লাহু আন্হা) হতে বর্ণিত, তিনি বলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহ
আলাইহি ওয়াসাল্লাম সমস্ত কাজে (যেমন) ওযূ করা, মাথা আঁচড়ানো ও জুতা পরা (প্রভৃতি
ভাল) কাজে ডান দিক থেকে শুরু করা পছন্দ করতেন।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়েশা রাদিয়াল্লাহু আনহা আমাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পছন্দনীয় অভ্যাস সম্পর্কে সংবাদ দেন। আর তা হলো জুতা পরিধান করা, চুল আচড়ানো ও ছড়ানো এবং নাপাকী থেকে পবিত্রতা অর্জন সহ যাবতীয় কাজেই তিনি ডানকে পছন্দ করেন। এ ধরনের আরও কর্ম যেমন জামা, পায়জামা পরিধান করা, ঘুম যাওয়া, খানা ও পান করা ইত্যাদি। এ গুলো সবই হলো ভালো কর্ম এবং তাতে বামের ওপর ডানকে সম্মান দেখানোই শ্রেয়। আর যে সব কর্ম ঘৃণিত তাতে উত্তম হলো বামকে অগ্রাধিকার দেওয়া। এ কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডান হাতে পবিত্রতা অর্জন করতে না করেছেন এবং ডান হাত দিয়ে লিঙ্গ স্পর্শ করতে নিষেধ করেছেন। কারণ, ডান হলো পবিত্র বস্তুসমূহের জন্য আর বাম হলো অন্য বস্তুর জন্য।

https://sunnah.global/hadeeth/bn/show/3018